



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - II

Subject : BENGALI

Paper : C 4 - T

[চৈতন্যজীবনী ও মঙ্গলকাব্য সাহিত্য পাঠ]

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। শ্রীচৈতন্যের নামকরণ প্রসঙ্গ কোন্ অধ্যায়ে আছে? তাঁর বাল্যনাম বিশ্বম্ভর রাখা হয়েছিল কেন?
- ২। চৈতন্যভাগবতের অষ্টম পরিচ্ছেদে উল্লিখিত দুটি নদী ও দুটি পর্বতের নাম লেখো।
- ৩। দিগ্বিজয়ী পণ্ডিত কে ছিলেন? তিনি নবদ্বীপে কেন এসেছিলেন?
- ৪। কালকেতুর বিবাহ কে কার কন্যার সঙ্গে স্থির করেছিলেন?
- ৫। ফুল্লরা কোন হাটে মাংসের পসরা দিতেন? তিনি মাংস বিক্রি করে কী কী দ্রব্য কিনে আনেন?

P.T.O.

- ৬। অন্নদামঙ্গল কাব্যের কয়টি ভাগ ও কী কী ?
- ৭। অন্নদামঙ্গল কাব্যে ভারতচন্দ্র কী কী ভণিতা ব্যবহার করেছেন লেখো।
- ৮। হরিহোড়ের পিতা ও মাতার নাম কী ছিল? তাঁর জীবিকা কী ছিল?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ৯। ‘চৈতন্যভাগবতের’ আদি খণ্ডের প্রথম অধ্যায়ে বর্ণিত মধ্য ও শেষ খণ্ডের লীলাসূত্র সংক্ষেপে বিবৃত করো।
- ১০। ‘চৈতন্যভাগবত’ কাব্য থেকে তৎকালীন নবদ্বীপের সমাজ-সংস্কৃতি বিষয়ে কী জানা যায় লেখো।
- ১১। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো।
- ১২। ‘অন্নদামঙ্গল’ কাব্যের ঈশ্বরী পাটনী চরিত্রটি সংক্ষেপে পর্যালোচনা করো।
- ১৩। “একটি অঙ্গুরী নিলে হবে কোন কাম।

সারিতে নারিবে প্রভু ধনের দুর্নাম।।”—প্রসঙ্গ ব্যাখ্যা করে তাৎপর্য লেখো।

- ১৪। “ভিক্ষা মাগি ভিক্ষা মাগি কাটলাম কাল।

তবু ঘুচাইতে নারিলাম বাঘছাল।।”—প্রসঙ্গ ব্যাখ্যা করে তাৎপর্য লেখো।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- ১৫। কবি বৃন্দাবন দাস রচিত ‘চৈতন্যভাগবত’-এর অনুসরণে শ্রীচৈতন্যের বাল্য ও কৈশোর লীলার পরিচয় দাও।
- ১৬। ‘চৈতন্যভাগবত’ অবলম্বনে হরিদাস মাহাত্ম্য বিষয়ে আলোচনা করো।
- ১৭। কবি মুকুন্দ চক্রবর্তী রচিত ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও।
- ১৮। ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ফুল্লরা চরিত্র চিত্রণে কবি মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব নিরূপণ করো।
- ১৯। ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যের রসের বিচার করো।